

সিংগাইর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘরঃ সিংগাইর, উপজেলা- সিংগাইর, জেলা- মানিকগঞ্জ।



জুন/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্য বিবরণীঃ

তারিখ ০৭-০৬-২০২৩ খ্রিঃ

সময়ঃ বেলা ১১ ঘটিকা,

স্থানঃ ইউপি কার্যালয়


সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী	এবং	স্বাক্ষর
১। জনাব মোঃ জাহিনুর রহমান,	চেয়ারম্যান, সিংগাইর ইউ.পি	স্বাক্ষরিত
২। ,, জয়নব বেগম,	ইউ.পি.সদস্যা	স্বাক্ষরিত
৩। ,, আনজুমান আরা ,	ইউ.পি.সদস্যা	স্বাক্ষরিত
৪। ,, অঞ্জনা বেগম,	ইউ.পি.সদস্যা	স্বাক্ষরিত
৫। ,, মোঃ রাহেজ উদ্দিন ,	ইউ.পি.সদস্যা	স্বাক্ষরিত
৬। ,, এস এম নূরুল্লাহ ,	স্বাক্ষরিত
৭। ,, লিয়াকত আলী ,	স্বাক্ষরিত
৮। ,, মোঃ দেলোয়ার হোসেন দেওয়ান,	স্বাক্ষরিত
৯। ,, মোঃ খোরশেদ আলম,	স্বাক্ষরিত
১০। ,, মোঃ আমজাদ হোসেন,	স্বাক্ষরিত
১১। ,, খলিলুর রহমান
১২। ,, মোঃ জসিম উদ্দিন
১৩। " মোঃ নূরুল ইসলাম
১৪। " পল্লবী সুলতানা	আনসার অফিসার	..
১৫। " আকলিমা আক্তার	উপ সহকারী কৃষি কর্মকর্তা	..
১৬। " রাফিজা আক্তার	উপসহকারী কৃষি কর্মকর্তা	..
১৭। " মোঃ মানিক মিয়া	উদ্যোক্তা	..
১৮। " মোঃ জাহিদুল ইসলাম	প প পরিদর্শক	..
১৯। " মোঃ মেহেদী হাসান	স্বাস্থ্যসহকারী	..
..

১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন :

অদ্য সিংগাইর ইউনিয়নের এক মাসিক সভা জনাব মোঃ জাহিনুর রহমান , চেয়ারম্যান, সিংগাইর ইউনিয়ন পরিষদ এর সভাপতিতে সিংগাইর ইউ.পি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক শ্রুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। এতে কোনরূপ সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। এরপর সভাপতি মহোদয় সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান।

২। আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা :

অতপর সভায় ইউনিয়নের সার্বিক পরিস্থিতি ও আইন শৃঙ্খলা বিষয় নিয়ে ব্যাপক আলোচনা করা হয় এবং বর্তমানে আইন শৃঙ্খলার অবস্থার ভাল হওয়ার প্রেক্ষিতে সন্তোষ প্রকাশ করা হয়। সভাপতি মহোদয় সভায় জানান অত্র ইউনিয়নে জঙ্গীবাদ, সন্ত্রাস ও নাশকতা পরিস্থিতি বর্তমানে সন্তোষজনক অবস্থায় রয়েছে। কোথাও


মোঃ জাহিনুর রহমান
চেয়ারম্যান
০৩নং সিংগাইর ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।

কোন অঘটনের খবর পাওয়া যায়নি। জঙ্গীবাদ, সন্ত্রাস ও নাশকতা সংক্রান্ত বিষয়ে জনগণকে সচেতন করে তোলার জন্য বিভিন্ন মসজিদ ও মন্দিরে এর কুফল সম্পর্কে আলাপ আলোচনা ও বক্তব্য প্রদান করা হচ্ছে। ভবিষ্যতে ও শান্তি পূর্ণ পরিস্থিতির এ ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।



৩। কৃষি ও পাট চাষীদের নিয়ে আলোচনাঃ

সভায় সিংগাইর ইউনিয়নের কৃষি ও পাট চাষীদের নিয়ে ব্যাপক আলাপ আলোচনা হয়। সকলকে কৃষি কাজে ব্যাপক জোড় দেওয়ার অনুরোধ জানানো হয়। কৃষি প্রনোদনায় ইউপি সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। যাতে সঠিক ভাবে কৃষি কাজ পরিচালিত হয়। ভবিষ্যতে কৃষির সকল কাজ পরিচালনায় সভাপতি মহোদয় সকলের সহযোগিতা কামনা করেন।

৪। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীদের জন্য ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহায়তা নিয়ে আলোচনাঃ

সভায় সিংগাইর ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীদের জন্য ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহায়তা বিষয় নিয়ে ব্যাপক আলাপ আলোচনা হয়। সকলকে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার সেবা প্রদানের সময় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহায়তা ও সচেতন করার অনুরোধ জানানো হয়। যাতে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের মাসিক টারগেট পূরণ করা সম্ভব হয়। সভাপতি মহোদয় সভায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার কর্মীদের জন্য ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সার্বিক সহযোগিতা কামনা করেন।

৫। টি আর কর্মসূচীর আওতায় ৩য় পর্যায়ের প্রকল্প প্রহন নিয়ে আলোচনা :

সভায় সিংগাইর ইউনিয়নের জন্য গ্রামীণ অবকাঠামো সংস্কার টি আর কর্মসূচীর আওতায় ৩য় পর্যায়ের বাস্তবায়নের নিমিত্তে প্রহন নিয়ে ব্যাপক আলাপ আলোচনা হয়। সভায় আলাপ আলোচনার পর ১টি প্রকল্প অতি জনগুরুত্বপূর্ণ হওয়ায় ইউনিয়ন পরিষদের সভায় গৃহিত হয়। ইউনিয়ন পরিষদের গৃহিত প্রকল্পটি অনুমোদন বিশেষ প্রয়োজন।

ক্রমিক নং	প্রকল্পের নাম	ওয়ার্ড	বরাদ্দ	মন্তব্য
১	গোবিন্দল ০২ নং ওয়ার্ড মোঃ জুলমত দেওয়ান এর বাড়ীর সামনে প্যালাসাইটিং ও মাটি ভরাট।	০২	৫০,০০০/=	

এ বিষয়ে সভায় ব্যাপক আলাপ আলোচনা হয়। সভায় উন্নয়ন কার্যক্রম সমূহ সঠিক ভাবে পরিচালিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। ভবিষ্যতে উন্নয়ন কার্যক্রম সঠিক ভাবে পরিচালনায় সভাপতি মহোদয় সকলের সহযোগিতা কামনা করেন।

৬। ওয়েভ পেটাল হালনাগাদ নিয়ে আলোচনাঃ

সভায় সিংগাইর ইউনিয়নের ওয়েভ পেটাল হালনাগাদ বিষয় নিয়ে ব্যাপক আলাপ আলোচনা হয়। সকলকে ওয়েভ পেটাল হালনাগাদ কাজে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। যাতে আমাদের ওয়েভ পেটাল এর সেবা সকলে গ্রহন করতে পারে। ভবিষ্যতে এ ধরনের সকল কাজ পরিচালনায় সভাপতি মহোদয় সকলের সহযোগিতা কামনা করেন।

৭। ২০২৩-২০২৪ বাজেট নিয়ে আলোচনাঃ

সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য সিংগাইর ইউনিয়ন পরিষদের আয় ও ব্যয়ের আনুমানিক খসড়া বাজেট অনুমোদন করা হয়। এ বাজেট বাস্তবায়নে সভাপতি মহোদয় সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভা কার্য সমাপ্তি ঘোষণা করেন।

০২/০৬/২০২৩
মোঃ জাহিনুর রহমান
চেয়ারম্যান
০৩নং সিংগাইর ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।